126

ভোরের কাগজ

তারিখ ... JUL 6 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

# বিশ্ববিদ্যালয়সমূহ ও মঞ্জুরি কমিশনের বাজেট নির্ধারণ

কাগজ প্রতিবেদক : চলতি অর্থবছরে বিশ্ববিদ্যালয়সমূহের জন্য ২৩৮ কোটি ৭৫ লাখ টাকার বাজেট নির্ধারণ করা হয়েছে। গত বুধবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ৯১তম সভায় এই বাজেট নির্ধারণ করা হয়। কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ টি এম জহুরুল হক সভায় সভাপতিত্ব করেন।

সভায় কমিশনের এবং বিশ্ববিদ্যালয়সমূহের সংশোধিত ও মূল বাজেটও নির্ধারণ করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ১৯৯৮-১৯৯৯ অর্থবছরের সংশোধিত বাজেট ২ কোটি ৩ লাখ ৩৮ হাজার টাকা এবং ১৯৯৯-২০০০ অর্থবছরের জন্য মূল বাজেট ২ কোটি ২০ লাখ ৩৩ হাজার টাকা নির্ধারিত হয়। সংশোধিত বাজেটে সরকারি অনুদান ১ কোটি ৯০ লাখ ৪০ হাজার টাকা এবং নিজস্ব আয় ৩ কোটি ২৬ লাখ টাকা। বাকি ৯ কোটি ৭২ লাখ টাকার ঘাটতি বাজেট প্রণয়ন করা হয়েছে।

সভায় বিশ্ববিদ্যালয়সমূহের জন্য ১৯৯৮-৯৯ অর্থবছরে সংশোধিত বাজেট ২৩৪ কোটি ২৩ লাখ টাকা এবং মূল বাজেট ২৩৮ কোটি ৭৫ লাখ টাকা নির্ধারণ করা হয়েছে। সভায় কমিশনের বার্ষিক প্রতিবেদনের (১৯৯৮) খসড়া উপস্থাপনসহ কিছু আর্থিক ও প্রশাসনিক বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।